মুক্তির লড়াই

মাওলানা মাসঊদ আযহার (দাঃ বাঃ)

মুক্তির লড়াই

মূল

মাওলানা মাসঊদ আযহার (দাঃ বাঃ)

ভাষান্তর

মোল্লা আবু লাবীব

পয়গামে শুহাদা প্রকাশনী
বাংলাদেশ

উৎসর্গ

যাদের অক্লান্ত ঘামঝড়া পরিশ্রমের বিনিময়ে, আল্লাহ্ পাক আমাকে দু'এক কলম লিখার তৌফিক দিয়েছেন এবং যাদের জীবনের পরম স্বপ্ন, আমাকে একজন খাঁটি আলেম হিসেবে দেখা, সেই পরম শ্রদ্ধেয় আম্মা-আব্বা ও সমস্ত আসাতেযায়ে কেরামের পবিত্র কদমে।

অনুবাদক

অনুবাদকের কথা

বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম

সমস্ত প্রশংসা সেই মহান প্রভুর জন্য যিনি জিহাদের বিধান দান করে দ্বীন ইসলামকে সমস্ত ভ্রান্ত দীনের উপর শ্রেষ্ঠত্ব দিয়েছেন। অসংখ্য দুরূদ ও সালাম সে আমিরুল মোজাহেদীন নবীউল মালহামা জনাব, রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর. যিনি নিজে সাতাইশ বার জিহাদের ময়দানে অবতীর্ণ হয়ে ও অসংখ্যবার সাহাবাদেরকে জিহাদে প্রেরণ করে ইসলামকে বিজয়ী করে গেছেন এবং বারবার শাহাদাতের তামান্না করেছেন।

আজ এমন এক মুহূর্ত যখন শুধুমাত্র সাধারণ মুসলমান নয় বরং আলেম সমাজ পর্যন্ত দ্বীনের এ বিশেষ বিধানটিকে ছেড়ে দিয়েছেন, এবং ভুলতে বসেছেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর তরীক্বা ও সাহাবীদের সোনালী ইতিহাস ও নিজেদের গৌরবময় ঐতিহ্যের কথা। যার কারণে বিশ্ব মানচিত্র আজ মুসলমানের রক্তে রঞ্জিত। সারা বিশ্বে আজ মুসলমানের উপর চলছে নির্যাতনের স্টিম রোলার। তাদের গগণ বিদারী আর্তচিৎকারে আজ ভারী হয়ে আসছে আকাশ বাতাস, কিন্তু বিশ্ব মুসলিমের এ সংকটময় পরিস্থিতিতে আজ আর কোন, খালিদ বিন ওয়ালিদ তারিক বিন যিয়াদ, সালাউদ্দিন আইয়ুব ও-মোহাম্মদ বিন কাসিমদের মত মর্দে মুজাহিদদের দেখা যায় না এবং ইসলামী লাইব্রেরীগুলোর দিকে তাকালেও এ বিষয়ের উপর তেমন কোন বই পরিলক্ষিত হয় না।

তাই অনেক পূর্ব থেকেই মনে মনে স্বপ্ন পোষণ করে আসছিলাম'এ বিষয়ে কিছু লিখব বলে। আর তারই এক ক্ষুদ্র প্রয়াস বর্তমান বইখানা। বইটি মূলতঃ উপমহাদেশের

প্রখ্যাত ও নন্দিত কথা শিল্পী, আফগান জিহাদের অগ্নিপুরুষ, কাশ্মীর রণাঙ্গণের বীর বিক্রম সিংহ সার্দূল জনাব মাওঃ মাসঊদ আযহার সাহেব (দাঃ বাঃ) এর উর্দু বক্তৃতার বাংলা অনুবাদ মাত্র। এমনিতেই অনুবাদ কর্ম একটি কঠিন কাজ তার উপর আবার মাওঃ মাসঊদ আযহারের মত ঝাঁনু লিখক ও অনল বর্ষী বক্তার, ভাব-গম্ভীর ও জালাময়ী বক্তৃতার হুবুহু বাংলা করা আরো কঠিন। তবুও সম্ভব মুল বক্তব্যের সাথে মিল রেখে অনুবাদ করতে চেষ্টা করেছি, যেহেতু অনুবাদ সাহিত্যে আমার প্রথম প্রবেশ তাই ভুলত্রুটি থাকাটাই স্বাভাবিক।

অতএব সচেতন পাঠকের সন্ধানী দৃষ্টি কোথাও হোঁচট খেলে সেটার দোষ বক্তার নয় বরং সেটার দোষ আমার। সুতরাং যদি অবশ্যই পরিবর্তনীয় কোন অসংগতি ধরা পড়ে তাহলে আমাকে জানিয়ে দিলে কৃতজ্ঞ হব এবং পরবর্তী মুদ্রণে তা শুধরিয়ে নেওয়ার প্রতিশ্রুটি রইল।

পরিশেষে এই বইয়ের অনুবাদ ও প্রকাশনার ক্ষেত্রে যারা আমাকে বিভিন্নভাবে অনুপ্রাণীত ও সহায়তা করেছেন, তাদের নিকট আমি কৃতজ্ঞ। তাদের নাম উল্লেখ করে তাদের অবদানকে খাটো করতে চাই না। আল্লাহ তাদের সবাইকে উত্তম প্রতিদান দিন।

অবশেষে এ বই পড়ে যদি একজন মুমিনের হৃদয়েও সেই হারানো জিহাদী চেতনা জাগ্রত হয় এবং বাতিল ও কুফরী শক্তির মোকাবেলায় বুকটান করে বজ্র হুংকার ছোড়ে দাড়ানোর হিম্মত হয়, তাহলেই আমার এ ক্ষুদ্র প্রয়াস স্বার্থক বলে জ্ঞান করব। আল্লাহ পাক আমাদের সবাইকে তার দ্বীনের জন্য কবুল করুন এবং শাহাদাতের অমৃত শুধা পানের তৌফিক দান করুন। আমীন

বিনীত

অনুবাদক

যেখানে যা আছে

কে? এই মাসউদ আযহার।

মাওলানা মাসউদ আযহার। পাঞ্জাবের ভাওয়ালপুরে ১৯৬৮ খৃস্টাব্দে তাঁর জন্ম। বংশগতভাবে তিনি অত্যান্ত সম্ভ্রান্ত। ভাওয়ালপুরের প্রখ্যাত পীর জনাব আল্লাহ দাতা আতা এর পুত্র মাস্টার আল্লাহ বখ্স সাবের এর সন্তান। তিনি আন্তর্জাতিক খতমে নবুওয়াত আন্দোলন পাকিনস্তানের অন্যতম ব্যক্তিত্ব জনাব মুহাম্মদ হাসান চাগতাই-এর মেয়ের ঘরের দৌহিত্র।

ঈর্ষনীয় মেধার অধিকারী মাওলানা মাসউদ আযহার পড়াশুনা করেন করাচীর শ্রেষ্ঠ ইসলামী বিদ্যাপীঠ বিন্নুরী টাউন মাদ্রাসায়। সকল ওস্তাদের প্রিয়পাত্র মাসউদ আযহার অধ্যায়ন শেষে ঐ মাদ্রাসার অধ্যাপনায় নিযুক্ত হন। তাঁর আধ্যাত্মিক পীর হলেন উপমহাদেশের প্রখ্যাত ব্যক্তিত্ব মাওলানা মুফতী ওলী হাসান (রহঃ)।

মাদ্রাসায় পড়া শেষে ১৯৮৯ সনে তিনি আফগান জিহাদে যোগদান করেন। ১৯৯০ সনে **'সদায়ে মুজাহিদ'** নামক একটি পাঠকপ্রিয় পত্রিকার সম্পাদনার দায়িত্ব কাঁধে নেন। পত্রিকাটি এখনও বেঁচে আছে এবং চলছে।

তিনি সক্রিয়ভাবে জিহাদে যোগদান করেন ১৯৯০ সালের পর থেকে। এ সময় তিনি খোস্ত এলাকার শালকা পোস্টের নিকটে এক ভয়াবহ লড়াইয়ে শত্রুপক্ষের নিক্ষেপিত রকেট বিস্ফোরণে মারাত্মকভাবে পায়ে আঘাত প্রাপ্ত হন। সে আঘাত ভাল হয়ে গেছে বটে কিন্তু বারুদের বিষক্রিয়া তাঁর শরীরে এখনো রয়ে গেছে।

তাঁর লেখা ও রচনা দারুণ চমৎকার ও সাবলীল। শুধু তা-ই নয় তার লেখাগুলোকে তুলনাহীন বলা যায়।

আলাদা স্বাদ ও আঙ্গিকে লেখা তাঁর পাঠকপ্রিয় বইগুলোর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হলঃ ১। ফাযায়িলে জিহাদ ২। মুজাহিদ কি আযান (দু'খন্ড) ৩। জিহাদ রহমাত ইয়া ফাসাদ ৪। মেরাভি এক সাওয়াল হ্যায় ৫। ইসলাম মে জিহাদ কি তৈয়্যারী, ৬। আল্লাহ ওয়ালে ৭। ইয়াহুদীয়ুঁকী চালিছ বিমারীয়া, ৮। মুছকারাতে যখম, ৯। মা'রেকা, ১০। বাবরী মাছজিদ, ১১। আখলাক্ব আওর তলোয়ার, ১২। খুতবাতে মুজাহিদ ইত্যাদি।

পৃথিবীর প্রতিটি মুসলিমের নিকট জিহাদের দাওয়াত পৌছিয়ে বাস্তব কর্মতৎপরতায় তাদেরকে উদ্বুদ্ধ করে হারানো খেলাফত পুনঃপ্রতিষ্ঠাই তাঁর জীবনের পরম স্বপ্ন। এ লক্ষ্যে তিনি অতি অল্প সময়ে শত-সহস্র সভ. সমাবেশে বক্তৃতা দিয়েছেন, ঘুরে ফিরেছেন দেশ থেকে দেশান্তরে। **একই উদ্দেশ্যে তিনি ১৯৮৯, ১৯৯০ ও ১৯৯১-এ বাংলাদেশ সফরে আসেন।** পবিত্র হজ্জ্ব সম্পাদন

করেন ১৯৮৭ সালে। সে থেকে প্রতি বছর তিনি জিহাদী দাওয়াত নিয়ে সৌদি আরবের বিভিন্ন শহরে সফর করেছেন। সে দেশে তিনি মতবিনিময় করেছেন বিখ্যাত ও বিশ্বখ্যাত সব আলিমের সাথে। ১৯৯২ ও ১৯৯৩ সালে তিনি আরব আমিরাত সফর করেন। সেসব দেশের সভাগুলোয় আরবীতেই তিনি বক্তৃতা করেন। আরবী ভাষায় তাঁর দক্ষতা ও দখল রয়েছে আরবী ভাষাবিদের মতই। আরবীগণ চমৎকৃত হয়েছিলেন তার সাবলিল আরবী বক্তৃতা ও ভাষণ শুনে।

১৯৯১ ও ১৯৯৩ সালে যথাক্রমে ফেব্রুয়ারী ও মার্চ মাসে সফর করেন দক্ষিণ আফ্রিকার জাম্বিয়া শহরে।

১৯৯৩- এর আগস্টে দীর্ঘ সফর করেন বৃটেনে। তাঁর দাওয়াতে উদ্বুদ্ধ হয়ে বৃটেনের বহু যুবক আফগান জিহাদে অংশ গ্রহণ করে।

১৯৯৩-এর এপ্রিল-মে মাসে সফর করেন উজবেকিস্তানে। সে দেশের বিজ্ঞ আলিম-ওলামার সাথে জিহাদ বিষয়ে ব্যাপক আলোচনা হয় এবং তাজাকিস্তানের জিহাদকে কিভাবে আরও বেগবান করা যায়, তা নিয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১৯৯৩- এর নভেম্বর-ডিসেম্বরে পাকিস্তানের বিখ্যাত সাংবাদিকদের সাথী হয়ে তিনিও দু'বার সফর করেন কেনিয়া, সুদান ও সোমালিয়ায়। স্বচক্ষে দেখেন তিনি এ অশান্ত দেশগুলোর উদ্ভূত পরিস্থিতির কারণ ও উপকরণ।

একই উদ্দেশ্যে তিনি ১৯৯৪-এর ফেব্রুয়ারীতে নিয়মিত পাসপোর্ট ভিসা নিয়ে দিল্লী হয়ে কাশ্মির পৌঁছেন। নববী আদর্শের পতাকাবাহী এই আপোসহীন মহান মুজাহিদের উপস্থিতি সহ্য হল না ব্রাহ্মণ্যবাদী জালিম শাসকদের। আন্তর্জার্তিক আইন ও নিয়ম-কানুনকে উপেক্ষা করে তারা তাঁকে বন্দী করল। তারা তাঁর হাত থেকে কলম ছিনিয়ে নিয়ে পরিয়ে দিল জিঞ্জির, স্তব্ধ করে দিল তাঁর অনলবর্ষী কণ্ঠ। অত্যাচার-নির্যাতনে রক্তাক্ত করল তার সমস্ত শরীর। অত্যাচারের এমন কোন ধরণ নেই, যা তারা তাঁর শরীরে প্রয়োগ করেনি। তবুও বন্ধ করতে পারেনি তার মিশনকে। জেল খানায় বসেও প্রায় ডজন খানেক কিতাব রচনা করেছেন জিহাদের উপরে। জিহাদের প্রশিক্ষণ দিয়েছেন হাজার হাজার যুবককে। নিয়মিত কুরআন ও হাদীসের দরস দিয়েছেন শত শত মুজাহিদকে।

অবশেষে ১৯৯৯ইং ৩১ শে ডিসেম্বর, ইন্ডিয়ান এয়ার লাইন্সের এক বিমান ছিনতাই ঘটনার নিরসনের জন্যে ছয় বছর ২৪ দিন পর ভারতের জালেম সরকার তাকে মুক্তি দিতে বাধ্যহয়। আমরা তার দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করছি।

অনুবাদক

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

نَحْمَدُهٗ وَنُصَلِّىْ عَلٰى رَسُوْلِهِ الْكَرِيْمِ - اَمَّا بَعْدُ - فَاَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ - بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ -

اِلَّا تَنْفِرُوْا يُعَذِّبْكُمْ عَذَابًا اَلِيْمًا - وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَ كُمْ وَلَا تَضُرُّوْهُ شَيْئًا -

وَقَالَ النَّبِيُّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ - مَنْ مَاتَ وَلَمْ يَغْزُوَ لَمْ يُحَدِّثْ بِهٖ نَفْسُهٗ مَاتَ عَلٰى شُعْبَةٍ مِنَ النِّفَاقِ -

وَقَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ - مَنْ لَقِيَ اللّٰهَ بِغَيْرِ اَثَرِ الْجِهَادِ لَقِيَ اللّٰهَ وَفِيْهِ ثُلْمَةٌ

وَقَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّ اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَالَّذِىْ نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهٖ لَغَدْوَةٌ اَوْ رَوْحَةٌ فِىْ سَبِيْلِ اللّٰهِ خَيْرٌ مِّنَ الدُّنْيَا وَمَا فِيْهَا - اَوْ كَمَا قَالَ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ

وَقَالَ اَصْحَابُ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ - نَحْنُ الَّذِيْنَ بَايَعُوْا مُحَمَّدًا - عَلَى الْجِهَادِ مَا بَقِيْنَا اَبَدًا -

আমার শ্রদ্ধার পাত্র সম্মানিত আসাতিজায়ে কিরাম এবং আমার আত্ম মর্যাদা সম্পন্ন মুসলমান ভাই ও দোস্ত-বুযুর্গ,

সম্মানিত আকাবির উলামায়ে কিরামের বয়ানের পর আমার ন্যায় কম এলেম ও কম আমল তালেবে এলেমের বয়ান করা খুবই আশ্চর্যের ব্যাপার। কিন্তু মুরুব্বীদের হুকুমের আলোকে সামান্য কিছু কথা বলার আশারাখি। গত পরশু দিন গুলশান ইকবাল এলাকায় আমাদের যে আজিমুশ্‌শান জেহাদী কনফারেন্স অনুষ্ঠিত হলো সেখানে আমি বলেছি যে, বাবরী মসজিদ ধ্বংস হয়নি; বরং শহীদ হয়েছে এবং শহীদ মৃত নয়, বরং জীবিত। আমি আরো বলেছি- বাবরী মসজিদ আমাদের থেকে শ্রেষ্ঠত্ব নিয়ে অগ্রগামী হয়েছে। কেননা, আমরা চিন্তা করছিলাম যে, নিজের বুকের রক্ত দিয়ে হলেও এ উম্মতকে জিহাদের উপর উঠাব, ইনশাআল্লাহ। কিন্তু বাবরী মসজিদ নিজ অস্তিত্বের কুরবানী দিয়ে এ

ব্যাপারটিকে অনেক সহজ করে দিয়েছে। আজ মুসলমানদের মধ্যে এক উদ্যম লক্ষ্য করা যাচ্ছে। এক আবেগের সঞ্চার হয়েছে। এক উন্মুক্ত মাঠ আমাদের জন্য তৈরি হয়েছে। আমাদের জন্য এখন এক সুবর্ণ সুযোগ। আমরা এখন খোলাখুলি ভাবে কিছু বলতে পারছি এবং কিছু করতেও পারছি। এখন আমাদের আর কোন ব্যাপারে কোন সন্দেহ নেই। এবং আমাদের তাও জানা হয়ে গেছে যে আমাদের এ দেশে কতটুকু ধর্মীয় স্বাধীনতা রয়েছে এবং কে আমাদের বন্ধু, কে আমাদের শত্রু। আমাদেরকে বলা হয় যে এমন দেশে তোমরা জিহাদের বয়ান করে বেড়াও যে দেশের নিজ প্রতিরক্ষাশক্তির ব্যবস্থা রয়েছে এবং ইসলামের পরিপূর্ণ স্বাধীনতা রয়েছে। তোমাদের কী হয়েছে যে, তোমরা অলিতে-গলিতে প্রত্যেক এলাকায় জিহাদের দাওয়াত দিয়ে বেড়াচ্ছ? পাকিস্তানের এক উচ্চপদস্থ ব্যক্তি আমাকে বলেছেন- তোমার কি জানা আছে? তোমার এ সমস্ত কর্মকাণ্ডের কারনে যা তুমি ইন্ডিয়ার বিরুদ্ধে করছ, চব্বিশ ঘণ্টা "র"-এর এজেন্ট তোমার পিছনে লেগে আছে। যে কোন মুহুর্তে তোমাকে শেষ করে দিতে পারে। আমাকে পাগল বলা হয়। লোকেরা বলে- তোমরা দ্বীনের অন্যান্য শাখা থাকতে শুধু এ শাখা নিয়ে কেন ঘুরে বেড়াচ্ছ? সুতরাং আমাদের বুঝা হয়ে গেছে যে এ দেশে কোন প্রকার ইসলামী স্বাধীনতা আমাদের নেই।

ইসলামী স্বাধীনতার উদ্দেশ্য

ইসলামী স্বাধীনতার উদ্দেশ্য যদি এ-ই হয়, যার ইচ্ছা নামাজ পড়বে, যার ইচ্ছা পড়বে না এবং যার ইচ্ছা। সে নবুওয়াতের দাবী করবে, যার ইচ্ছা সাহাবীদের সমালোচনা করবে, যার ইচ্ছা উলামায়ে কিরামের বিরুদ্ধে বক্তিতা-বিবৃতি দিবে, যার ইচ্ছা উলামায়ে কিরামের বিরুদ্ধে পত্রিকায় যা তা লিখে জনসম্মুখে উলামায়ে কিরামকে হেয় প্রতিপন্ন করবে। ইসলামী স্বাধীনতা যদি এর নাম হয় যে, আমরা আমাদের মসজিদ রক্ষা করতে পারব না এবং আমাদেরকে জিহাদের ট্রেনিং করতে বাধা প্রদান করা হবে। এবং আজ মুসলমানদের উপর জিহাদের দরওয়াজা বন্ধ করে নগ্নতা আর উলঙ্গপনার খরস্রোতে আমার যুবক ভাইদেরকে ডুবিয়ে মারা হবে। তাহলে এ স্বাধীনতাকে আমরা পূর্বেও অভিশাপ দিয়েছি এখনো অভিশাপ দিই।

আমরা স্বাধীনতা চাই- আল্লাহর দ্বীনের স্বাধীনতা, আল্লাহর আইনের স্বাধীনতা ও উলামায়ের পবিত্রতার স্বাধীনতা। আমরা স্বাধীনতা চাই- আল্লাহর দ্বীনেব প্রশাসনিক স্বাধীনতা, সুপ্রীম কোর্ট থেকে নিয়ে নিম্ন আদালত পর্যন্ত। আল্লাহর আইন হবে, কুরআনের আইন হবে, নবীর সংবিধান হবে, সাহাবীদের নিয়ম হবে, কোন কণ্ঠ এ আইনের বিরুদ্ধে চলবে না। কোন যবান সাহাবীদের

সমালোচনা করবে না। আর এক দিকে বাবরী মসজিদ ধ্বংস হবে, বসনিয়ায় মুসলমানদের রক্ত ঝরবে, কাশ্মিরে মুসলমানদের রক্ত দিয়ে হোলি খেলা হবে। অপর দিকে কোন ব্যক্তি যদি তাদের পক্ষে কথা বলে, কোন ব্যক্তি যদি জিহাদের নিয়তে বের হয়, তাহলে তার পথে "র"-এর এজেন্ট লেগে যাবে। তার বিরুদ্ধে অপপ্রচার আর প্রোপাগান্ডা চালানো হবে, তাকে হত্যার চেষ্টা করা হবে। তাহলে এ স্বাধীনতাকে আমরা তোমাদের চেহারায় নিক্ষেপ করি।

নারায়ে-তাকবীর আল্লাহু আকবার॥

সাবীলুনা- সাবীলুনা, আল-জিহাদ, আল-জিহাদ॥

আমাদের টার্গেট

এ জন্য সারা দেশে আমাদের উলামায়ে কিরামের অবস্থান আপনারা দেখুন। আমরা স্পষ্টভাষায় বলছি- বাবরী মসজিদের বদলে এখানে কোন মন্দির আমরা ভাঙ্গাবনা এবং পাকিস্তানে বসবাসকারী পিপীলিকার চেয়েও দুর্বল কাফিরদেরকেও হত্যা করব না।

আমাদের টার্গেট ইসরাঈলের ঐ সমস্ত ইয়াহুদী যারা বাবরী মসজিদ ধ্বংসের ষড়যন্ত্রে অংশ নিয়েছে। আমাদের লক্ষ্য ইন্ডিয়ার ঐ সব বুদ্ধিজীবি যারা বাবরী মসজিদ ধ্বংস করার জন্য নিজ জাতিকে লেলিয়ে দিয়ে ইন্ডিয়ার অলি-গলি পুনরায় হিন্দুদের লাশ দিয়ে ভরপুর করার এক সুবর্ণ সুযোগ মুসলমানদের জন্য তৈরী করে দিয়েছে। আমাদের টার্গেট স্পর্শ কাতর খৃষ্টান। আমাদের টার্গেট কাশ্মিরে যুদ্ধরত হিন্দু নর পশুর দল। আমরা এখানকার দুর্বল কাফিরদের প্রতি অঙ্গলিও উঠাব না। বরং আমরা কোন হিন্দু মন্দির ধ্বংস করাকে নিজেদের অসম্মান মনে করি। কিন্তু যখন সুলতান মাহ্মুদ গজনবী (রহঃ)-এর মত ব্যাপক অভিযান চালাব তখন কেউই আমাদেরকে রুখতে পারবে না। আমাদের দৃঢ় বিশ্বাস, রুশ যেরূপে টুকরো টুকরো হয়েছে তদ্রূপ ইন্ডিয়াও টুকরো টুকরো হবে ইনশাআল্লাহ্। ইন্ডিয়ার জন্যও ঐ বাহিনী প্রস্তুত যারা আফগান মুজাহিদদের অংশ এবং আমরাও তাদের সাথে মিলে ইন্ডিয়ার মন্দির ধ্বংস করেই তার বদলা নেব ইনশাআল্লাহ্।

নারায়ে তাকবীর-আল্লাহু আকবার॥

সাবীলুনা-সাবীলুনা, আল-জিহাদ, আল-জিহাদ॥

ইন্ডিয়া কী বরবাদী তক, লড় জায়েঙ্গেঁ-লড় জায়েঙ্গেঁ॥

কাশ্মির কী আজাদী তক, লড় জায়েঙ্গেঁ-লড় জায়েঙ্গেঁ॥

আমার সম্মানিত মুসলমান ভাইয়েরা!

আমরা আদালতে বাবরী মসজিদের জন্য মামলা দায়ের করেছি। এবং উলামায়ে কিরামের পরামর্শ অনুযায়ীই আমরা আমাদের কর্মসূচী নির্ধারণ করব এবং আমরা নিজেরাই নিজেদের সমস্যার সমাধান করব ইনশাআল্লাহ্। আমার দৃঢ় বিশ্বাস মুসলমান এ কাজে পুরোপুরী মুজাহিদদের সাহায্য-সহযোগিতা করবে। বাবরী মসজিদের শাহাদাতের কারণে মুসলমানদের মাঝে যে উদ্যম ও জাগরণ সৃষ্টি হয়েছে তা থেকে কাজ নিবে।

বাবরী মসজিদ ধ্বংস করার কারণ

এ জন্য আমি আজ এ বিষয়ে কথা লম্বা করতে চাই না। শুধু এ টুকুই বলতে চাই যে, আমাদের এ অবস্থা কেন হল, কেন বাবরী মসজিদকে ধ্বংস করা হল? ইয়াহুদীরা মদীনা-মুনাওয়ারায় কেন জেঁকে বসতে চায়? আপনারা হাদীসের কিতাব খুলে দেখুন-আমার আসাতিযায়ে কিরাম এখানে বসা, এ ইয়াহুদীরাই একদিন হযরত ওমরে ফারুক (রাযিয়াল্লাহু তায়ালা আনহু) এর নিকট আবেদন করত যে আমাদেরকে খায়বরে থাকতে দিন,আমাদেরকে খায়বরের জমিন থেকে বহিস্কার করবেন না। যখন হযরত উমর রাযিয়াল্লাহু তায়ালা আনহু খায়বর থেকে ইয়াহুদীদেরকে বহিষ্কারের সিদ্ধান্ত নিলেন তখন এক বুড়ো ইয়াহুদী এসে বিনম্র ভাবে বলতে লাগল- হে ওমর! আপনার সামনে আল্লাহর নবী মুহাম্মদ বলেছিলেন- খায়বরে ইয়াহুদীদের থাকতে দাও, তারা মুসলমানদেরকে জিযিয়া (টেক্স বা খাজনা) দিবে এবং নিজেদের উৎপন্ন ফসলের একাংশ দিবে। তাহলে আপনি কেন আমাদেরকে উৎখাত করছেন? তখন হযরত ওমর (রাযিয়াল্লাহু তায়ালা আনহু) বললেন- হে আল্লাহর দুশমন, আল্লাহর নবীর প্রত্যেকটি কথাই আমার স্মরণ আছে এবং এ কথাও স্মরণ আছে যখন আল্লাহর নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তোর দিকে ইঙ্গিত করে বলেছিলেন- এমন এক দিন আসবে যখন তোদেরকে খায়বর থেকে মুসলমানরা এমনভাবে তাড়াবে যে তোদের উটগুলো পর্যন্ত তোদের পিছনে দৌড়াতে থাকবে। সুতরাং আমি তোদেরকে খায়বর থেকে বিহষ্কার করে খায়বরকে তোদের অপবিত্র বসবাস থেকে মুক্ত করেই ছাড়ব ইনশাআল্লাহ্।

কাল এ ইয়াহুদীরা মুসলমানের দয়ার ভিখারী ছিল, কাল এ ইয়াহুদীরা খায়বরে থাকার জন্যে মুসলমানদের টেক্স দিত, মুসলমানদের করুণা ভিক্ষা করত। আজ সে ইয়াহুদীদের এ সাহস কি করে হল? ইসরাঈলে মুসলমানদের পবিত্রতাকে পদদলিত করছে? আজ তাদের এ সাহস কোত্থেকে হল? মক্কা-মদীনাকে নিজ কবজায় নিয়ে, বৃহত্তর ইসরাঈল প্রতিষ্ঠার স্বপ্ন দেখছে। কাল

পর্যন্ত ঐ খৃষ্টান যাদেরকে মুসলমান এতো মার দিত যে তাদের কোন ঠাঁই ছিল না, তাদের কমান্ডার যখন নৌকা দিয়ে সাগর পেরুচ্ছিলেন তখন নিজ মাতৃভূমির দিকে ব্যথা ভরা দৃষ্টিতে তাকিয়ে বলেছিলেন- হায়! হয়তো আর কিয়ামত পর্যন্ত তোমার কোলে ফিরে আসা হবে না। ঐ খৃষ্টান যারা আমাদের তরবারীর নিচে পরাজয়বরণ করত, যারা আমাদের নিকট ভিক্ষা চাইত, যারা আমাদের গোলাম-বাঁদী হয়ে জীবন কাটাত। ঐ হিন্দু যারা কাল আমাদের মোঘল বাদশাহ্দের গোলামী করাকেও সে ভাগ্যবান বলে জ্ঞান করত, আজ তারা আমাদের উপর বাঘ হয়ে গেছে, তাদের গোলাম-বাঁদীরা পর্যন্ত আমাদের উপর শক্তিশালী হয়ে গেছে।

এ বাক্যও আজ অনেক বড় এক বাহানা

আমার ভাইয়েরা! একটু চিন্তা করুন। আমরা মুসলমান, কিন্তু পৃথিবী আজ কুফুরের উপর প্রতিষ্ঠিত। কুফুরের এতবড় বিপ্লব কেন হল? আপনারা অবশ্যই আলেমদের মুখে শুনে থাকবেন - জমিনে যখন গুনাহ্ ভরপুর হয়ে যায়, যখন পাপ বৃদ্ধি পেয়ে যায় তখন আল্লাহর আযাব অবতীর্ণ হয়। শুনেছেন কি? না শুনেননি? বরং এ বাক্যও আজ আমাদের জান বাঁচানোর এক উত্তম পন্থা হয়ে দাঁড়িয়েছে। কারো নিকট গিয়ে বলুন যে, কাশ্মিরে মুসলমানদের মারছে, তখন সে বলবে-এটা তাদের গুনাহের পরিণাম। কারো নিকট গিয়ে বলুন- মুজাহিদীন বসনিয়া যাওয়ার জন্য প্রস্তুত, কিন্তু তাদের নিকট ভাড়ার পয়সা নেই। তখন সে বলবে- বসনিয়া ওয়ালারা নিজ গুনাহের শাস্তিবোগ করছে। শুধু তা-ই নয়, এক ব্যক্তিকে জিজ্ঞেস করা হল-যদি তোমার সামনে তোমার মেয়ের সাথে ঐ রূপ আচরণ করা হয়, কাশ্মিরের এক বুড়ো বাপের সামনে তার মেয়ের সাথে যেরূপ আচরণ করা হয় তাহলে কি তুমি তা সহ্য করবে? তখন সে বলল- হ্যাঁ, যদি আমার গুনাহ্ও সে পর্যায়ের হয়, তাহলে আমিও তা সহ্য করব। এ কথা আজ অনেক বড় এক বাহানা, অনেক বড় এক প্রতিবন্ধকতা। যা নিয়ে আমরা আজ নিজ অস্তিত্বকে জিহাদ থেকে বাঁচানোর অপচেষ্টা করছি। এ সম্পর্কে আজ কিছু কথা বলব। আমার উদিত সূর্য্যের ন্যায় দৃঢ় বিশ্বাস, আল্লাহ্ তায়ালার এ বাণী অবশ্যই সত্য-

ظَهَرَ الْفَسَادُ فِى الْبَرِّ وَالْبَحْرِ بِمَا كَسَبَتْ اَيْدِ النَّاسِ

'যখন মানুষের গুনাহের কারণে জল ও স্থল সর্ব জায়গায় ফিৎনা আর ফাসাদ বিস্তার লাভ করে, তখন এ ধরায় আযাব অবতীর্ণ হয়।'

কিন্তু একটু চিন্তা করুন যে, কোন্ গুনাহের কারণে কোন্ আযাব আসে? কোন কোন গুনাহ্কে তো আমরা এত খারাপ মনে করি যে কোন ব্যক্তি যদি কোন মুস্তাহাব আমলও ছেড়ে দেয় তখন মনে করি সে অনেক বড় গুনাহ্ করে

ফেলেছে এবং তার সাথে সম্পর্ক পর্যন্ত ছিন্ন করে ফেলি। আর কোন-কোন গুনাহ্ তো আমাদের জীবনে গুনাহ্ বলেই মনে হয় না। বন্ধুরা আমার, একটি কথা খুব ভালভাবে স্মরণ রাখবে, দুনিয়াতে কুফর যখন শক্তিশালী হয় তখন গুনাহ্ও অনেক বেশী হয় এবং যখন ইসলাম শক্তিশালী হয়, তখন নেক এবং পূর্ণও অনেক বেশী হয়।

ইসলাম প্রতিষ্ঠা ও কুফর নির্মূলের পদ্ধতি

এজন্য তাফসীরে কাবীরের অষ্টম খণ্ডের ১৮০ পৃষ্ঠায় ইমাম রাযী (রহঃ) ইমাম আবু বকর কাফ্ফান শাশী (রহঃ)-এর বাণী নকল করে বলেন-

اَمْرٌ بِالْمَعْرُوْفِ وَنَهْيٌ عَنِ الْمُنْكَرِ

তথা সৎ কাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ করা এ উম্মতের উপর ফরজ।

যতদিন এ উম্মত নেকীর দিকে আহ্বান করবে এবং গুনাহের কাজে বাধা প্রদান করতে থাকবে ততদিন পর্যন্ত এ উম্মতের উপর আযাব আসবে না এবং তাদের দোয়াসমূহ কবুল হবে। ইমাম রাযী (রহঃ) আরো বলেন- সবচেয়ে বড় নেকী হল ইসলাম এবং সবচেয়ে বড় গুনাহ্ হল কুফর। আর ইসলাম প্রতিষ্ঠিত করার যে তরীকা তা হচ্ছে জিহাদ এবং কুফর ধ্বংস করার যে তরীকা তাও হল এ জিহাদ। সুতরাং আল্লাহ্ তায়ালার এ বাণী

كُنْتُمْ خَيْرَ اُمَّةٍ اُخْرِجَتْ لِلنَّاسِ تَأْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ

অর্থাৎ তোমরাই শ্রেষ্ঠ উম্মত। কেননা তোমরা সৎ কাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ কর।

এর অর্থ ইমাম রাযী (রহ.) এভাবে করেছেন- তোমরাই শ্রেষ্ঠ উম্মত। কারণ, তোমরা জিহাদ কর। কেননা, জিহাদের মাধ্যমেই ইসলাম প্রতিষ্ঠিত হয় এবং গুনাহ্ নিঃশেষ হয়। জিহাদের উছিলায় কুফর ধ্বংস হয়, এবং দুনিয়াতে গুনাহ্ কম হয়। হযরত ইবনে আব্বাস (রাযিয়াল্লাহু তায়ালা আনহু)-এর এ তাফসীর নকল করেছেন।

تَأْمُرُوْنَهُمْ اَنْ يَشْهَدُوْا اَنْ لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ

তোমরা মানুষকে বলবে-এসো আল্লাহর ওয়াহ্দানীয়্যাত তথা আল্লাহর একাত্বতার স্বাক্ষী দাও।

وَتُقَاتِلُوْنَهُمْ عَلَيْهِ

'এবং যে তোমাদের এ কথা মানবে না তাদের তোমরা হত্যা করে শেষ করে দিবে, যাতে করে দুনিয়াতে না কুফুর থাকবে, না কোন গুনাহ্ থাকবে।'

আমার কথা বুঝে আসতেছে? দুনিয়াতে সবচেয়ে বড় নেকী ইসলাম কি-না? দুনিয়াতে সবচেয়ে বড় গুনাহ্ কুফুর কি-না? ইসলাম প্রতিষ্ঠিত করার এবং কুফুর নিঃশেষ করার যে পদ্ধতি তার নাম জিহাদ। তার উপর ভিত্তি করেই ইমাম রাযী (রহ.) লিখেন- এর দ্বারাই জানা যায় যে, জিহাদ সবচেয়ে বড় ইবাদত এবং এর চেয়ে উত্তম আর কোন ইবাদত নেই। হযরত মাওলানা ফজল মুহাম্মদ সাহেব আপনাদের সামনে হাদীস শরীফের আলোকে বয়ান করেছেন, হুজুর (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ফরমান لَا اَجِدُهٗ 'আমি জিহাদ থেকে উত্তম কোন আমলই দেখি না।' একথা তো সবাই জানি এবং মানি যে, জিহাদ আল্লাহ্ তায়ালার এমন এক মহান ফরিয়াহ্ যা কুরআনুল কারীমে নাযিল হয়েছে এবং রাসুল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) নিজে জিহাদ করেছেন এবং জিহাদ করলে অনেক প্রতিদান পাওয়া যাবে। কিন্তু এ কথা কেন বুঝে আসে না? যে, জিহাদ না করা এতো বড় গুনাহ্, যার কারণে মানুষের ব্যক্তিগত জীবনও ক্ষতিগ্রস্থ হয় এবং সামাজিক জীবনও ফিৎনা-ফাসাদ আর বিশৃঙ্খলায় পরিপূর্ণ হয়ে যায়। এ উভয় বিষয় নিয়ে কুরআনুল কারীমে বলা হয়েছে-

يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا مَالَكُمْ اِذَا قِيْلَ لَكُمُ انْفِرُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ

'হে ঈমানদারেরা! তোমাদের কি হলো যে, যখন তোমাদেরকে বলা হয়, এসো আল্লাহর রাস্তায় কিত্বাল করি।' اثَّاقَلْتُمْ اِلَى الْاَرْضِ। 'তখন তোমরা জমিন আঁকড়ে ধর' কেউ বলে ঘর ছাড়ার সুযোগ নেই, কেউ বলে মুরব্বীদের পরামর্শ নেই, কেউ বলে দ্বীনি মশগুলিয়াতের কারণে পারছি না, কেউ বলে দুনিয়াবী মাশগুলিয়াতের কারণে পারছি না। আল্লাহ্ বলেন-

اَرَضِيْتُمْ بِالْحَيَاةِ الدُّنْيَا مِنَ الْاٰخِرَةِ - فَمَا مَتَاعُ الْحَيَاةِ الدُّنْيَا فِى الْاٰخِرَةِ اِلَّا قَلِيْلٌ -

"তোমরা কি দুনিয়ার জীবনের উপর সন্তুষ্ট হয়ে গেলে? তোমাদের এ সামান্য জান ও মাল আল্লাহ্ জান্নাতের বিনিময়ে ক্রয় করেছেন। তোমরা কি এর মধ্যেও কৃপণতা করবে? তোমাদের এ সামান্য জান ও মাল দিয়ে জান্নাত নিয়ে নিবে।' তারপর আল্লাহ্ তায়ালা সামনে বলছেন-

اِلَّا تَنْفِرُوْا يُعَذِّبْكُمْ عَذَابًا اَلِيْمًا

'যদি তোমরা বের না হও, তাহলে আল্লাহ্ তায়ালা তোমাদেরকে দরদেনাক আযাব (ভয়াভহ শাস্তি) দিবেন। মুফাস্সিরীনে কিরাম বলেন, দরদেনাক আযাব দ্বারা উদ্দেশ্য হল-

يُسَلِّطُ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ

'তোমরা পরস্পর একে অপরকে লাঞ্ছিত, অপদস্থ ও হেয় প্রতিপন্ন করবে। যেমন- চারিত্রিক ও নীতিগত দ্বন্দ্ব, গোষ্ঠীগত দ্বন্দ্ব, বংশগত দ্বন্দ্ব। তোমরা মুজাহিদ হয়েছ বাসের কন্ডাক্টর কে থাপ্পড় মারার জন্য, কাফিরকে হত্যা করার জন্য নয়।

অত্যন্ত ঘৃণীত অভ্যাস

আমরা সুপ্রিয় বন্ধুরা! এ সম্পর্কে হাদীস শরীফে এসেছে- এমন ব্যক্তিগত আযাবও আল্লাহ্পাক দেবেন যে ব্যক্তিগতভাবে মানুষ কাপুরুষ হয়ে যাবে। আজতো কাপুরুষতাও গর্বের বিষয় হয়ে দাঁড়িয়েছে তাই না? বলে যে আমার তবিয়ত এতো নাজুক যে সামান্য একটু বড় কোন আওয়াজ শুনলেই আমার বুকে ব্যথা আরম্ভ হয়ে যায়। মানুষও তাকে বাহ্বা দেয় যে কত উত্তম লোক, একটু বড় আওয়াজ শুনলেই হৃদকম্পন আরম্ভ হয়ে যায়। বলে আমি এত দুর্বল যে, কোন গলিতে একটু অন্ধকার দেখলেই বেহুশ হয়ে যাই, যে পর্যন্ত সূর্যের আলো ফুটে না উঠে ততক্ষণ পর্যন্ত হুশ ফিরে আসে না। হাদীসের কিতাব আবু দাউদ শরীফ উল্টিয়ে দেখুন। আবু হুরায়রা (রাযিয়াল্লাহু তায়ালা আনহু) বলেন, হুজুর (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ইরশাদ করেন

شَرُّ مَا فِىْ رَجُلٍ شُحٌّ هَالِعٌ وَجُبْنٌ خَالِعٌ -

'এক ব্যক্তি সবচেয়ে নিকৃষ্ট অভ্যাস বর্ণনা করলেন যে, সে ব্যক্তি এমন কৃপণ আল্লাহর রাস্তায় মাল খরচ করে না এবং এত ভীরু ও কাপুরুষ যে জিহাদের ময়দানে গেলেই তার শরীরে কম্পন শুরু হয়ে যায়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন-এটা ইনসানের জন্য বিশেষ করে পুরুষের জন্য সবচেয়ে বড় কু-অভ্যাস। যে অভ্যাসকে আমার নবী কু-অভ্যাস বলে আখ্যা দিয়েছেন তা গুনাহ্ হবে না কেন? যে অভ্যাসকে আমার নবী গৃণীত বস্তু বলে আখ্যায়িত করেছেন তা নিয়ে কেন আমরা গর্ববোধ করি? আজ আমরা বাহাদুরীর ময়দান থেকে দূরে থেকে কবুতরের বাচ্চা ও খরগোশের চেয়েও কাপুরুষ হয়ে গেছি। এখন যে ইচ্ছা সে-ই আমাদেরকে বকরীর পালের ন্যায় হাঁকিয়ে বেড়ায়।

মুনাফিক্বির মৃত্যুও অসম্পুর্ণ ঈমান

সুপ্রিয় বন্ধুরা আমার! এ ব্যক্তিগত আজাবকে বয়ান করে নবী আকরাম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ফরমান

مَنْ مَاتَ وَلَمْ يَغْزُ وَلَمْ يُحَدِّثْ بِهِ نَفْسَهُ مَاتَ عَلٰى شُعْبَةٍ مِنَ النِّفَاقِ -

মুসলিম শরীফের রেওয়ায়েত- 'যে ব্যক্তি জিহাদ করল না এবং অন্তর জিহাদের আগ্রহও পোষণ করল না সে ব্যক্তি মৃত্যুর সময় মুনাফিকীর মৃত্যুবরণ করবে। মুনাফিকীর একশাখায় তার মৃত্যু হবে।

তিরমিযী শরীফে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফরমান-

مَنْ لَقِيَ اللّٰهَ بِغَيْرِ اَثَرِ الْجِهَادِ لَقِيَ اللّٰهَ وَفِيْهِ ثُلْمَةٌ

যে ব্যক্তি জিহাদের চিহ্ন ব্যতীত আল্লাহর সাথে সাক্ষাৎ করল, সে নিজের দ্বীন ও ঈমানকে জিহাদের দ্বারা পরিপূর্ণ করল না, সে যেন অসম্পূর্ণ ঈমান নিয়ে আল্লাহর সাথে সাক্ষাৎ করল। যে জিনিসের প্রতি আল্লাহর নবী এতো ভীতীপ্রদর্শন করলেন- তা গুনাহ্ হবে না কেন? তারপরেও অস্বীকারকারী হবে না? বিপদতো এখানে যে, প্রত্যেক গুনাহের কোন না কোন ফল হয়। যদি মুসলমান রাসুল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের) প্রতিচ্ছবি ও আকৃতি না রাখে তাহলে এ গুনাহেরও অবশ্যই একটি ফল হয়। যদি মহিলারা শরয়ী পর্দা না করে তাহলে এ গুনাহেরও একটি ফল হয়। কিন্তু জিহাদের ফল হয় ব্যাপক। বলা হয়েছে- যখন তোমরা জিহাদ ছেড়ে দিবে তখন এ গুনাহের কারণে আল্লাহর কালিমাকে নিচু করা হবে। একটু ভাবুনতো দেখি। আল্লাহ্- আমাদেরকে এতো সম্মান দিলেন, আমরা নিজের জান বাঁচানোর জন্যে আল্লাহর সে কালিমাকে নিচু করতেছি। একটু লক্ষ্য করুন- আমাদের এ গুনাহের কারণে কাফির খোদার জানাযা পর্যন্ত বের করছে। আল্লাহর ঘর মসজিদকে পর্যন্ত ধ্বংস করছে। আমাদের এ গুনাহের কারণে আল্লাহর কুরআনকে জ্বালিয়ে-পুঁড়িয়ে ভষ্মিভূত করা হচ্ছে। কুরআনকে টয়লেটে ব্যবহার করা হচ্ছে, (নাউযুবিল্লাহ্) আল্লাহর দ্বীনের দাওয়াতের উপরে বাধ্য-বাধকতা লাগানো হয়েছে। আল্লাহর নাম নেওয়াকে অন্যায় ও জুলুম সাব্যস্ত করা হচ্ছে। একটু চিন্তা করুনতো দেখি-কতো বড় বিপদ আমাদেরকে গ্রাস করছে। তারপরও কি বলব তা গুনাহ্ নয়? তারপরও কি তা অস্বীকৃতি নয়? যে অস্বীকৃতিকে পরিত্যাগ আমাদের জন্য অত্যন্ত জরুরী। জিহাদ না করাই অনেক বড় অস্বীকৃতি। যার কারণে কত বড় সম্মিলিত আযাব আসে। আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফরমান

"এমন সোচনীয় দিনও মুসলমানদের উপর আসবে, যে দিন কাফির মুসলমানদেরকে ধ্বংসের জন্য একে অপরকে এমনভাবে ডাকবে, যেমন খাবার দস্তরখানে একে অপরকে ডেকে থাকে।"

মোটকথা তোমাদেরকে হাতে গুণে গুণে শেষ করা হবে। এক অপরকে ডাকবে, ইয়াহুদী হিন্দুকে ডাকবে, হিন্দু ইয়াহুদীকে ডাকবে। সাহাবীরা অত্যন্ত আশ্চর্য হয়ে গেলেন যে আমাদের মাত্র ৩১৩ জন মুসলমানের মোকাবেলায় এক

হাজার কাফিরের ও টিকে থাকা সম্ভব হয়নি, এটা কি করে হয়? তখন সাহাবায়ে কিরাম নবীজিকে জিজ্ঞস করলেন- হে আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! সেদিন কি মুসলমানদের সংখ্যা আমাদের চেয়েও কম হবে? আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফরমান-

وَلٰكِنَّهُ غُثَاءٌ كَغُثَاءِ السَّيْلِ

'না তোমাদের চেয়ে অনেক বেশী হবে, বরং সাগরের ফেনার চেয়েও অনেক বেশী হবে। কিন্তু কোন শক্তি, কোন ঐক্য বলতে কিছুই থাকবে না। ইয়া রাসুলাল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আর কি অবস্থা হবে? তখন রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফরমান- দুশমনের অন্তর থেকে তোমাদের প্রভাব প্রতিপত্তি বের করে দেয়া হবে। আহ্! যদি জিহাদ থাকতো তাহলে কাফিররা মুসলমানদের চাকর হত। আজ জিহাদ না থাকার কারণে মুসলমান আমেরিকার কলেজে পড়াকেও গর্বের বিষয় মনে করে। বৃটেনে গিয়ে কাফিরের জুতো পালিশ করতেও গর্ববোধ করে। এ মুসলমান আল্লাহর নবীর উম্মত। অবস্থা হলো এই-কানাডা গিয়ে নিজের রুটি-রুজির জন্য সে লেখে আমি কাদীয়ানী, আমাকে এখানে রাজনৈতিক সুযোগ-সুবিধা দেয়া হোক।

জিহাদবিহীন মুসলমান বিষদাঁতহীন সাপের ন্যায়

হে দ্বীনদারেরা! যদি জিহাদ থাকতো তাহলে মালে গনিমত আসতো। কাফিরের মাল তোমাদের পদতলে থাকতো। মুসলিম উম্মার এ দুর্দিন কখনো আসতো না। আজ তোমাদের ভয় ও প্রভাব-প্রতিপত্তি তাদের অন্তর থেকে বের করে দেয়া হয়েছে। কেননা তোমাদের অন্তর থেকে জিহাদ বের হয়ে গেছে। সাপ দেখলে মানুষ দূর থেকেও ভয় পায়, কিন্তু যখন এ সাপের বিষ দাঁত উপড়ে ফেলা হয় তখন আর কেউ তাকে ভয় পায় না। বরং যে সাপ মানুষের জন্য ভয়ের বস্তু ছিল, তা এখন খেলনার বস্তুতে রূপান্তরিত হয়েছে। ঠিক তদ্রূপ যে মুসলমান কাফিরের জন্য ভয়ের বস্তু ছিল, সে মুসলমানের জীবন থেকে জিহাদ উপড়ে ফেলে আজ জিহাদ বিহীন মুসলমানকে পুরো দুনিয়ায় কাফিরের খেলনায় রূপান্তরিত করা হয়েছে। যে রকম বিষদাঁতহীন সাপ নিয়ে মানুষ খেলা করে তদ্রূপ জিহাদ বিহীন মুসলমানকেও নিয়ে কাফির আজ যেভাবে ইচ্ছা সেভাবে খেলছে। সাহাবায়ে কিরাম আরয করলেন- ইয়া রাসুলাল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম!

এ আজাবের কারণ কি হবে? তখন হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন- حُبُّ الدُّنْيَا 'দুনিয়ার মুহাব্বত তোমাদের অন্তরে জেঁকে বসবে বর্তমানে লোকেরা বলে- হে আল্লাহ! আমরা দ্বীনদার থাকতে চাই, কিন্তু দুনিয়া

যেন না ছুটে! হে আল্লাহ! দ্বীনের যত কাজ আছে সব জীবিত রাখ কিন্তু আমাকে না মেরে। হে আল্লাহ্! তুমি সকাল-বিকাল দ্বীনের কাজ নাও, কিন্তু এমন কাজ যেন না হয় যে কাজ দ্বারা জেলখানার অন্ধকার কুঠরী দেখতে হয়।

যার মধ্যে শরীরকে ইস্ত্রি দ্বারা দাগ দেয়া হয়, যাতে রক্ত প্রবাহিত হয় وَكَرَاهِيَةُ الْمَوْتِ 'এবং মৃত্যুর ভয় তোমাদের অন্তরে বদ্ধমূল হবে।' এক রেওয়ায়েতে আছে- وَكَرَاهِيَةَ الْقِتَالِ 'তোমাদের অন্তরে জিহাদের প্রতি বিমূখতা সৃষ্টি হবে।'

আজ নিজের দিকে এবং সমস্ত মুসলমানের দিকে তাকিয়ে বল, এ করুণ পরিস্থিতি কি আমাদের, আল্লাহর রাস্তায় রক্ত না দেয়ার ভুলের মাশুল নয়? যদি এ গুনাহ্ থেকে নিজ অন্তরকে মুক্ত করতে না পার তাহলে মনে রাখবে, এ উম্মতের প্রত্যেক নিহত ব্যক্তির রক্তের এক-একটি বিন্দু-কণিকার হিসাব তোমাদের দিতে হবে। কুরআনুল কারীমের প্রত্যেকটি জলন্ত পৃষ্ঠার হিসাব তোমাদের দিতে হবে।

এমন ছিল আমাদের জবাব

বল বন্ধুরা! জিহাদ ছেড়ে দেয়া কি গুনাহ্ নয়? যার কারণে মুসলমান গোলামে পরিনত হয়, যার কারণে মুনাফিক্বীর মৃত্যু হয়, তা গুনাহ্ কি-না বল? (আল্লাহু আকবার কাবীরা) এমন একযুগ ছিল যখন রুস্তম পাহ্লোয়ান মুসলমানদের বলেছিল যে, তোমরা তোমাদের বাহিনী ফেরত নিয়ে যাও, আর না হয় আমরা টুকরো-টুকরো করে ফেলব। তখন হযরত সা'দবিন আবি ওয়াক্কাছ (রাযিয়াল্লাহু তায়ালা আনহু), কেউ বলেন হযরত খালিদ বিন ওয়ালিদ (রাযিয়াল্লাহু তায়ালা আনহু) উত্তর দিলেন, আহ্! আমরা যদি প্রথমেই চলে যেতাম, আর না হয় মুসলমান একবার যেখানে যায় সেখান থেকে খালি হাতে ফিরে না। এ রকম এক যুগও অতিবাহিত হয়েছে, আর এখনও এক যুগ অতিবাহিত হচ্ছে। হযরত খালিদ বিন ওয়ালিদকে জনৈক বাদশাহ্ জিজ্ঞেস করলেন- কেন তোমরা আমাদের নিকট এসেছ? তার জিজ্ঞাসার ভঙ্গি একটু বিদ্রুপাত্মক মনে হল। তখন খালেদ বিন ওয়ালিদ রাযিয়াল্লাহু তায়ালা আনহু তাকে খুব চমৎকার জবাব দিলেন। বললেন- তোমাদের রক্ত আমাদের নিকট খুব মিষ্টি লাগে, এজন্য তোমাদের রক্ত পান করতে এসেছি। তখন সে বাদশাহ্ মস্তক অবনত করে ফেলল। এক সময় আমাদের উত্তর এ রকম হত। যখন রোমের বাদশাহ্ নাকুর, বাদশাহ্ হারুনূর রশীদের নিকট পত্র লিখল যে, আমরা অনেক টেক্স আদায় করে ফেলেছি, এখন আর কোন টেক্স দেব না, আমরা এখন থেকে স্বাধীন। তখন বাদশাহ্ হারুনূর রশীদ লিখলেন- বিসমিল্লাহির রাহ্মানির রাহীম,

আল্লাহর নামে আরম্ভ করছি, হারুনূর রশীদের পক্ষ থেকে রোমের কুকুর নাকুরের নিকট এ জবাব প্রেরণ করছি যে

اَلْجَوَابُ مَا تَرٰى دُوْنَ مَا تَسْمَعُ

মুসলমান জবাব শোনায় না বরং জবাব শিক্ষা দেয়। দেখা গেল কিছুক্ষণের মধ্যেই হারুনূর রশীদের বাহিনী নাকূরের রাজ্যে পৌঁছে গেল এবং নাফূর হাতজোড় করে পুনরায় জিযিয়া (টেক্স) দিয়ে দিল। আমারাও নিজ জানকে আল্লাহর নিকট সোপর্দ করে, এল, কে আদভানীকে বলে দিতে চাই, হে আদভানী! আমরাও তোমাকে জবাব কানে শুনাব না; বরং তোমাকে নিজ চোখে দেখাব ইনশাআল্লাহ্।

নারায়ে তাকবীর, আল্লাহু আকবার॥
সাবিলুনা, সাবিলুনা, আল-জিহাদ, আল-জিহাদ॥

আমরাও তাদেরই সাথী

যদি কমান্ডার রশীদ আফগানিস্তানের বিজয়ের জন্য হাসি মুখে জীবন দিতে পারেন, যদি মৌলভী শাব্বীর এর মত মুদাররিস অপর দেশের স্বাধীনতার জন্য নিজ বুকে গুলি খেয়ে কালিমা পড়তে-পড়তে হাসি মুখে শহীদ হতে পারেন, যদি মদীনা মুনাওয়ারার শাহ্জাদা শফীক্ব মাদানী জালালাবাদে আল্লাহর নিকট এ দোয়া করে যে, হে আল্লাহ্! আমার শরীর টুকরো-টুকরো করে দাও, তাহলে যেন কাল কিয়ামতের দিন বলতে পারি, হযরতে হামযা (রাযিয়াল্লাহু তায়ালা আনহু)-এর মতো শহীদ হয়েছি। আমাকে আহত করা হয়নি বরং আমায় হিংস্র প্রাণী খেয়ে ফেলেছিল। সে যদি জালালাবাদে এভাবে শহীদ হতে পারে তাহলে আমরাও তাদেরই সাথী। একসাথে জিহাদের ময়দানে রাত যাপনকারী। ইনশাআল্লাহ আমরাও কাশ্মিরের জন্য, বসনিয়া ও ফিলিস্তীনের জন্য, আরকানের জন্য আমাদের শরীরের যে অংশে আমার প্রভুর ইচ্ছা হয়, সে অংশে গুলি খাব এবং আমার গুলিতে দুশমনের মাথাও ছিদ্র করব এবং আমাদের কণ্ঠে ধ্বনিত হবে।

لَسْتُ اُبَالِىْ حِيْنَ اُقْتَلُ مُسْلِمًا + بِاَيِّ شِقٍّ كَانَ لِلّٰهِ مَصْرَعِىْ

"হে আল্লাহ্! যখন তোমার রাস্তায় কতল হচ্ছি তখন আমার কোনই আপত্তি নেই যে, শরীরের কোন অংশে গুলি লেগেছে, কোন অংশ কেটে যাচ্ছে? (নারায়ে তাকবীর, আল্লাহু আকবার, সাবিলুনা, সাবিলুনা, আল-জিহাদ, আল-জিহাদ)।

আমি বলতে ছিলাম, জিহাদ ছেড়ে দেয়া অনেক বড় এক গুনাহ্। পাকিস্তানের মুসলমান শুধু জিহাদ ছাড়ার গুনাহে গুনাহ্গার নয়; বরং জিহাদের

রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি করার গুনাহে ও গুনাহ্গার বটে। যা কুরআনুল কারীমে আল্লাহ্ তায়ালা নিকৃষ্ট লোকদের সম্পর্কে বলেছেন- তারা নিজেরা তো জিহাদের রাস্তায় বের হয়-ই না বরং অন্যদেরকেও বের হতে দেয় না।

فَرِحَ الْمُخَلَّفُوْنَ بِمَقْعَدِهِمْ خِلَافَ رَسُوْلِ اللّٰهِ

'হাত তালি দিয়ে তারা আনন্দ করত যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চলে গেছেন, আমরা পিছনে রয়ে গেছি, তারা মরে যাবে, আমরা থেকে যাবো।

وَكَرِهُوْا اَنْ يُّجَاهِدُوْا بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ فِىْ سَبِيْلِ اللّٰهِ

'তারা নিজেরা বের হওয়াকে খুব খারাপ মনে করতো এবং অন্যদেরকেও বের হতে দিতো না। বাধা দিয়ে বলতো

لَا تَنْفِرُوْا فِى الْحَرِّ

'এ গরমে বের হয়ো না, গরমে মরে যাবে।' আল্লাহ্ তায়ালা বলেছেন- হে নবী! তাদেরকে জানিয়ে দিন-

قُلْ نَارُ جَهَنَّمَ اَشَدُّ حَرًّا

'তোমরা জিহাদ ছেড়ে দেয়ার কারণে যে জাহান্নামে তোমাদেরকে জালানো হবে তা এর চেয়েও অধিক গরম হবে, এর চেয়েও ভয়ঙ্কর।' আল্লাহ্ পাক কুরআনুল কারীমে আয়াত শুনাচ্ছেন। আল্লাহ্ মাফ করুন। সমস্ত মুসলমানদের মধ্যে তা দৃষ্টি গোচর হচ্ছে আমি আজ এ বিষয়ে আলোচনা করতে চাচ্ছিলাম না। কিন্তু মুরুব্বীগণ আমাকে এ বিষয়ে আলোচনার জন্য বাধ্য করেছেন। যাতে করে মুমিনরা এ বিষয় থেকে তওবা করতে পারে। ঐ গুনাহ্ যা অহংকার ও গর্বের সাথে করা হয়, তার উপর আল্লাহ্ তায়ালার খুব বেশী রাগ হয়। মুফ্তীয়ে আজম মুফ্তী রশীদ আহ্মদ সাহেব (দামাত বারাকাতুহুম) দাড়ি সম্পর্কে লিখতে গিয়ে বলেন, হাদীসের মধ্যে আছে, হুজুর (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ফরমান, আমার সমস্ত উম্মতকে মাফ করে দেয়া হবে, কিন্তু যে প্রকাশ্যে ঘোষণা দিয়ে এবং অহংকারের সাথে গুনাহ্ করে, তাকে আল্লাহ্ তায়ালা ক্ষমা করবেন না। আমরা জিহাদও ছেড়েছি, তার উপর আবার অহংকারও করছি। আমরা জিহাদ ছেড়ে কখনো তওবা করিনি, জিহাদ ছেড়ে কখনো চোখের পানিও প্রবাহিত করিনি যে, হে আল্লাহ্! আমি এতবড় ইবাদত হতে বঞ্চিত রয়েছি। আমরা ঐ জিনিস অবলম্বন করেছি যে জিনিসকে আমার নবী বিদ্রূপ করতেন।

আমি ইয়াহুদীদের দ্বীন নিয়ে আসিনী

এক সাহাবী একটি গুহা দেখলেন- খুব সুন্দর গুহা। যেখানে সবুজ ঘাস উঠতে ছিল। তখন সাহাবী বললেন, আমি আর লোকালয়ে- গুনাহের পরিবেশে ফিরে যাব না। এখানে বসে অধিকহারে আল্লাহর ইবাদত করব এবং আল্লাহকে রাজী-খুশি করব। তখন রাসুল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) খবর পেয়ে বললেন-

اِنِّىْ لَمْ اُبْعَثْ بِالْيَهُوْدِيَّةِ

নিশ্চয় আমি ইয়াহুদীদের দ্বীন নিয়ে আসিনি; বরং মিল্লাতে হানাফী নিয়ে এসেছি

وَالَّذِىْ نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهٖ لَغَدْوَةٌ اَوْ رَوْحَةٌ فِىْ سَبِيْلِ اللّٰهِ خَيْرٌ مِّنَ الدُّنْيَا وَمَا فِيْهَا

'ঐ সত্ত্বার কছম, যে সত্ত্বার কুদরতী হাতে আমি মুহাম্মাদের (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জীবন। এক সকাল অথবা এক বিকাল জিহাদের রাস্তায় অতিবাহিত করা দুনিয়া এবং দুনিয়ার মধ্যে যা কিছু আছে সবকিছু থেকে উত্তম।'

মুহাদ্দিসীনে কিরাম তার ব্যাখ্যায় লেখেন, যদি কোন ব্যক্তিকে দুনিয়ার সমস্ত ধন-সম্পদ দিয়ে দেয়া হয় এবং সে তা আল্লাহর রাস্তায় দান করে তাহলেও মুজাহিদের এক সকালের সমতুল্য হবে না। (সুবহানাল্লাহ!) কুরআনের এক হুকুম পড়ে আমি হয়রান হয়ে পড়েছি। সুরায়ে মুহাম্মাদ যার অপর নাম সুরায়ে ক্বিতাল, তার মধ্যে আছে, মুসলমানরা কেঁদে-কেঁদে আল্লাহর কাছে ফরিয়াদ করে বলত, হে আল্লাহ্! জিহাদের হুকুম নাযিল কর। কাফিররা মেরে মেরে আমাদেরকে শেষ করে দিল। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলত, হে আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আল্লাহর কাছ থেকে জিহাদের হুকুম চেয়ে আনুন। তাহলে যেন কাফিরদের অত্যাচারের প্রতিশোধ নিতে পারি। আল্লাহ্ তায়ালা প্রতি উত্তরে বলেন-

وَاِذَا اُنْزِلَتْ سُوْرَةٌ مُّحْكَمَةٌ وَّذُكِرَ فِيْهَا الْقِتَالُ

'যখন কোন সুরা জিহাদ সম্পর্কে নাযিল হবে এবং তার মধ্যে কাফিরদের সাথে যুদ্ধের আলোচনা হবে,

رَاَيْتَ الَّذِيْنَ فِىْ قُلُوْبِهِمْ مَّرَضٌ '

'আপনি তাদেরকে দেখতে পাবেন যাদের অন্তরে রোগ আছে, নিফাক আছে, মুনাফিকী আছে।'

فَيَنظُرُونَ إِلَيكَ نَظَرَ الْمَغْشِيِّ عَلَيْهِ مِنَ الْمَوْتِ

'তারা আপনার দিকে এমনভাবে চেয়ে থাকবে যেন মৃত্যুর ভয় তাদের চেহারায় ছেয়ে গেছে।'

ইহা দেখে আল্লাহর খুব রাগ হয়। কেননা এদিকে সাহাবায়ে কিরাম রাযিয়াল্লাহু আনহুম নিজের বিবি-বাচ্চা ছেড়ে যাচ্ছেন। নিজেদের জান দিয়ে দিচ্ছেন। অপর দিকে এরা এত বড় যালেম, এত বড় বদবখ্‌ত যে নিজেরাতো জিহাদে যায়ই না- বরং জিহাদের নাম শুনলেও চেহারার রং পরিবর্তন হয়ে যায়। এ জন্য আল্লাহ বলেন- فَأَوْلَىٰ لَهُمْ "তাদের উপর ধ্বংস।" এটা কুরআনের বাণী। আমাদের তো এ অবস্থা যে এখানে জিহাদের দাওয়াত চলছে আর আমাদের দৃষ্টি অন্য দিকে যুকছে আমার ভাইয়েরা! শাহাদাতকে শিখ।

এ বছর ছয় হাজার পাকিস্তানী ব্যতীত আর কারো তৌফিক্ব হয়নি ফিলিস্তীনে যাওয়ার। আমরা তো শুধু এখানে বসে যুদ্ধের খবর শুনে আর পত্রিকা পড়ে মুজাহিদদের প্রতি বিষোদগার করি যে তারা গুনাহ্‌গার, তারা এ রকম, তারা ওরকম। বন্ধুরা আমার! আমার একটি কথার উত্তর দাও, জিহাদ রাজনীতি না ইবাদত? জিহাদ রাজনীতি নয়, জিহাদ ইবাদত। যা আল্লাহ্‌ পাক কুরআনে অবতীর্ণ করেছেন তা রাজনীতি হবে না ইবাদত হবে? যে জিনিসকে আল্লাহর নবী এত মুহাব্বত করতেন এবং বলতেন-

لَوَدِدْتُ اَنْ اُقْتَلَ فِىْ سَبِيْلِ اللّٰهِ ثُمَّ اُحْىٰ ثُمَّ اُقْتَلَ (الخ)

'আমার মনে চায় যে আমি আল্লাহর রাস্তায় জিহাদ করে শহীদ হই-তা কি ইবাদত হবে না রাজনীতি? নিশ্চয়ই ইবাদত। তাহলে আমরা কেন জিহাদকে রাজনীতি হিসাবে গ্রহণ করছি? ইবাদতের বেলায় তো এমন হয় যে তা পালন করতেই হয়, অন্য কেউ করুক চাই না করুক, আমাদের করতেই হয়। হয় কি হয় না? কোন ব্যক্তি যদি এ জন্য নামাজ না পড়ে যে আমি নিজে এক নামাজীকে ঘুষ খেতে দেখেছি, তাহলে আল্লাহ্‌ তায়ালা কি তাকে মাফ করে দিবেন? কেউ যদি বলে, নামাজী ব্যক্তি দাড়ি মুন্ডায় আমি কি ভাবে নামাজ পড়ব?' কেউ বলে নামাজীরা পরস্পর ঝগড়-ফাসাদে লিপ্ত, আমি কিভাবে নামাজ পড়ি? তাহলে কি নামাজ মাফ হয়ে যাবে? যদি মাফ না-ই হয় তাহলে জিহাদের ব্যাপারে কিভাবে মাফ করিয়ে নিয়েছি? কেউ বলে মুজাহিদীন নিজেরাই পরস্পর লড়ছে, এজন্য আমাদের উপর ওয়াজিব নয়। কেউ বলে মুজাহিদদের উমুক গুনাহের কারণে আমাদের উপর ওয়াজিব নয়। আরে এদের গুনাহ্‌ তো আল্লাহ্‌ তায়ালা মাফ করে দিবেন। কেননা আমি নিজ নাকে শহীদের রক্তের ঘ্রাণ নিয়েছি এবং অনেক লোকেই এ রক্তের ঘ্রান নিয়েছে। কিন্তু আমরা নিজের গুনাহ্‌ তো দেখব? আমরা

কখনো জিহাদের নিয়্যাত করিনি। কখনো জিহাদের ইচ্ছাও করিনি। কখনো তরবারীতে হাতও লাগাইনি। কখনো অস্ত্র কাছে থেকেও দেখিনি। কিন্তু আমার নবীতো ২৭ বার অস্ত্র হাতে নিয়েছেন। নবীতো মাথায় শিরস্ত্রান পড়েছেন। আর আমরাতো এমনি রয়েছি যে আমাদের নিজেদের গুনাহের খবর নেই। কিন্তু তাদের গুনাহের্ সামালোচনায় ব্যস্ত। ওরাতো আমাদের থেকে অনেক অগ্রগামী। কেননা জিহাদের রাস্তায় ওরা আমাদের থেকে অনেক আগে বের হয়েছে। আমাদের অবস্থা হচ্ছে, কাফির আমাদের আক্রমণ করছে আর তাদেরকে আমরা অভিভাবক মেনে নিচ্ছি।

সুপ্রিয় বন্ধুরা আমার!

আমরা সমস্ত মুসলমান জিহাদ তরকের গুনাহ্ থেকে তাওবা করি আর না হয় বিপদ আসবেই। হাদীস শরীফে এসেছে-

مَنْ لَمْ يَغْزُ وَلَمْ يُجَهِّزْ غَازِيًا اَوْ يَخْلُفْ غَازِيًا فِىْ اَهْلِهٖ بِخَيْرٍ اَصَابَهُ اللّٰهُ بِقَارِعَةٍ قَبْلَ يَوْمِ الْقِيَامَةِ

'কোন ব্যক্তি নিজে জিহাদ করল না এবং কোন মুজাহিদের যুদ্ধ সামগ্রির ব্যবস্থাও করল না অথবা কোন মুজাহিদ পরিবারের দেখাশুনাও ভালভাবে করল না, তাহলে আল্লাহ্ তায়ালা কিয়ামতের পূর্বেই কোন ভয়াবহ আজাবে তাকে লিপ্ত করবেন। সে মৃত্যুর পূর্বেই কোন ভয়াবহ আজাব বা কোন বিপদের সম্মুখীন হবে এবং কাঁদতে থাকবে, কিন্তু তার এ কান্না কেউই শুনবে না। কেননা সে যখন অন্য মুসলমানকে গ্রাহ্য করবে না তখন তাকে অন্যরা গ্রাহ্য করবে কেন?

اِرْحَمُوْا مَنْ فِى الْاَرْضِ يَرْحَمْكُمْ مَّنْ فِى السَّمَاءِ

'তুমি জমিন ওয়ালাদের উপর দয়া কর তাহলে আসমান ওয়ালা তোমাদের উপর দয়া করবেন।

আজ মুসলমানদের শহীদ হওয়ার খবর পত্রিকায় পড়ে আমার অন্তরে একটুও ব্যথা লাগে না। এজন্য নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ফরমান-

مَنْ لَّمْ يَهْتَمَّ بِاُمُوْرِ الْمُسْلِمِيْنَ فَلَيْسَ مِنْهُمْ

'যে ব্যক্তি মুসলমানদের সার্বিক ব্যপারে গ্রাহ্য করে না তার আমাদের সাথে কোন সম্পর্ক নেই। আমরা কত আরামে বসে আছি। আর অপর দিকে দ্বীন মিটে যাচ্ছে, ঈমান মিটে যাচ্ছে। কাবা শরীফের দিকে কাফিরের লোলুপ দৃষ্টি। মদীনা শরীফের দিকে কাফিরের অশুভ দৃষ্টি। কাবা শরীফ ও মদীনা শরীফ দখল করার

পায়তারা চলছে। নবীর তরীকাকে মিটিয়ে দেয়া হচ্ছে। ইসলামকে দুনিয়া থেকে মিটিয়ে দেয়া হচ্ছে। কুরআনকে অফিস-আদালত থেকে বের করে দেয়া হচ্ছে। এখনো কি আমরা নিশ্চুপ বসে থাকব? আমাদের তো ইজ্জত ঠিক আছে। আল্লাহর দ্বীনের ইজ্জত কারো নিকট প্রিয় নয় । প্রত্যেক ব্যক্তি শুধু নিজের ইজ্জতের পিছনে পড়ে আছি। আল্লাহর নবী নিজের ইজ্জতকে কুরবানী দিয়ে আল্লাহার দ্বীনের ইজ্জতকে বিজয়ী করেছেন। আর আজ আমাদের কোন অনুভূতি আছে? আল্লাহর দ্বীনের ইজ্জতের কি অবস্থা? আমরা খুব খুশি যে আমাদের অনেক ইজ্জত সম্মান। মানুষ আমাকে অনেক সম্মান দেয় আমাদের এই ইজ্জত ও সম্মানের কি ফায়দা যখন আল্লাহর দ্বীন দুনিয়াতে সম্মানী নয়। এ বিপদ আমাদের উপর এসেছে, এ বিপদ আফগানীদের উপর ও এসেছিলো।

এ বিপদ কেন আসল?

মাওলানা জালাল উদ্দিন হাক্কানী বলেন, আমাদের উপর রুশ কেন হামলা করেছে জানেন? এ জন্য যে বোখারা, সমর কন্দে, রুশ কমিউনিষ্টরা যখন হামলা করে তখন তাদের চিৎকার শুনে আমরা শুধুমাত্র কিতাব উল্টিয়ে দেখছিলাম, তাদেরকে রক্ষা করা, তাদের জন্য জিহাদ করা আমাদের উপর ফরজ কি-না? ফরজ হলে ফরজে আইন না ফরজে কিফায়া? এমন দেখতে দেখতে আমাদের উপরও রুশ চড়াও হয়ে বসল। তখন তিনি বলেন, হে পাকিস্তানের মুসলমানেরা! তোমরা আমাদের সাথে এমন ব্যবহার করো না। না হয় তোমাদের উপরও দুশমন হামলা করবে। আল্লাহ্ তায়ালা মাওলানা আরশাদ শহীদ, কমান্ডার আবদুর রশীদ শহীদ ও কমান্ডার শাব্বীর শহীদকে উত্তম প্রতিদান দিন। তারা যদি পাকিস্তানের পক্ষ থেকে রক্ত দিয়ে এ বিপদকে সাময়িক সময়ের জন্য বন্ধ না করতেন তাহলে আমাদের ঐ দিনও দেখতে হতো যেদিন রুশ ভল্লুকেরা জিজ্ঞেস করত যে, বেলুচিস্তান কতদূর এবং করাচীর বন্দর কত দূর? অবশ্যই জিজ্ঞেস করত। কেননা, আফগানিস্তানের শুকনো জমীনে তাদের জন্য কি-ই-বা ছিল? মূলতঃ তাদের লক্ষ্য করাচীর বন্দরই ছিল। আশ্চর্য লাগে যখন লোকেরা মুজাহিদদেরকে খুব সুখী মনে করে।

আমরা কিভাবে মানুষকে বুঝাব যে, কি অবস্থায় আমরা জিহাদ করছি? খোদার কসম আমি আজ এ ব্যাপারে আলোচনা করতাম না। শুধু মুরুব্বীরা আমাকে বাধ্য করেছেন এ ব্যাপারে আলোচনা করার জন্য। মানুষ মনে করে আমরা খুব সুখেই আছি এবং যখন আমরা মরে যাব তখন অদূর ভবিষ্যতে আমাদের বড় বড় বাড়ী-ঘর হবে, বিশাল উন্নত মানের গাড়ী হবে। এ জন্য আমরা সবকিছু ছেড়ে শুধু মারা আর লড়ার কথা বলে থাকি। একটু লক্ষ্য করুন

